# সহীহ ফিক্বহুস সুন্নাহ

বিভাগ/অধ্যায়ঃ ওযূ

রচয়িতা/সঙ্কলকঃ আবূ মালিক কামাল বিন আস-সাইয়্যিদ সালিম

সালাতের জন্যই শুধু ওযূ ওয়াজিব, অন্য কিছুর জন্য ওয়াজিব নয়

সালাতের জন্যই শুধু ওযূ ওয়াজিব, অন্য কিছুর জন্য ওয়াজিব নয়:

যে ব্যক্তি অপবিত্র (ওযূ বিহীন) রয়েছে এবং সালাত আদায়ের ইচ্ছা করে তার জন্য ওযূ করা ওয়াজিব। চায় তা ফরয সালাত হোক বা নফল সালাত হোক কিংবা জানাযার সালাত হোক । মহান আল্লাহ্ বলেন:

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا قُمْتُمْ إِلَى الصَّلَاةِ فَاغْسِلُوا﴾

হে মুমিনগণ, যখন তোমরা সালাতে দণ্ডায়মান হতে চাও, তখন তোমরা ধৌত কর। (সূরা মায়েদা-৬)

রাসূল (ﷺ) বলেন: «لَا تُقْبَلُ صَلَاةٌ بِغَيْرِ طُهُورٍ »

অর্থাৎ: পবিত্রতা ব্যতীত সালাত গৃহীত হবে না।[1]

সালাত ব্যতীত অন্যক্ষেত্রে ওযূ ওয়াজীব নয়। অপবিত্র ব্যক্তির উপর সালাত ব্যতীত অন্য কিছু হারাম নয়।

## ফুটনোট

[1] সহীহ; মুসলিম (২২৪) প্রভৃতি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3173

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন